



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

ফোন নং : ০২৪৭-৮১২৫৩২, মোবাইল নং: ০১৩০৯-১২৭০৪৩

web: www.rmscraj.edu.bd/e-mail: mail.rmsc@gmail.com



তারিখ : ২৮/১২/২০২২ খ্রি.

২০২৩ শিক্ষাবর্ষে সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর (৩য় হতে ৯ম শ্রেণিতে) ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১ (অংশ-১).৩২১৩ অনুযায়ী যে সকল শিক্ষার্থী ২০২৩ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে ৩য় হতে ৯ম শ্রেণিতে ভর্তির জন্য আবেদন করেছিল, কিন্তু কোন প্রতিষ্ঠান ভর্তির জন্য নির্বাচিত হয়নি। তাদেরকে নিম্নলিখিত তারিখ ও সময়সূচী মোতাবেক নিম্নে সংযুক্ত আবেদন পত্রের নমুনা কপি অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করে (কম্পোজকৃত) আবেদন প্রতিষ্ঠানের মূল গেটে জমা দেয়ার জন্য বলা হলো।

আবেদনের শর্তসমূহ :

- ০১। অত্র প্রতিষ্ঠানে পূর্ব হতে অধ্যয়নরত ০১জন সন্তান থাকতে হবে।
- ০২। যে সন্তানের জন্য আবেদন করা হবে তার ২০২৩ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তির আবেদন পত্রটিতে paid লিখা থাকতে হবে।

প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ :

- ০১। উভয় সন্তানের ক্ষেত্রেই স্ব স্ব প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র।
- ০২। উভয় সন্তানের জন্মসনদের সনদের সত্যায়িত কপি।
- ০৩। পিতা-মাতার জন্মসনদের সনদের সত্যায়িত কপি।
- ০৪। পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি।
- ০৫। পিতা/মাতা কর্তৃক সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর বিষয়ে লিখিত অঙ্গীকারনামা।
- ০৬। পাসপোর্ট সাইজ ছবি ০২ কপি।
- ০৭। ২০২৩ শিক্ষাবর্ষে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের ভর্তির আবেদন পত্রটিতে paid লিখা সম্বলিত কাগজ।

বিঃদ্র: ০৭/০১/২০২৩ খ্রি. তারিখ আবেদনপত্র যাচাই-বাছাই এর সময় সন্তানদ্বয়ের জন্মসনদের মূল কপি ও পিতা-মাতার জন্মসনদ এবং জাতীয় পরিচয়পত্রের মূল কপি সাথে আনতে হবে।

আবেদনের সময়সীমা :

আগামী ২৯/১২/২০২২ খ্রি. হতে ০৫/০১/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অফিস চলাকালীন।

আবেদন যাচাই-বাছাই :

আগামী ০৭/০১/২০২৩ খ্রি. সকাল ১০.০০ হতে দুপুর ১২.০০ টা

আবেদন যাচাই-বাছাই অন্তে ফলাফল প্রকাশ :

আগামী ০৮/০১/২০২৩খ্রি.

নির্বাচিত প্রার্থীদের ভর্তির তারিখ :

০৯/০১/২০২৩ খ্রি. হতে ১১/০১/২০২৩ খ্রি. তারিখ

পূর্ববর্তী নোটিশে আবেদনের নমুনা কপি দেয়া আছে।

স্বাক্ষরিত/-

অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ
রাজশাহী।